যুগান্তর

তারিখ 21 JAN 2009
পৃষ্ঠা ১৪ কলাম ৪

১০ হাজার টাকা জামানতের সিদ্ধান্ত স্থগিত

# বাকৃবির ২০০৯ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

বাকৃবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) ২০০৯ শিক্ষাবর্ষের অনার্সের ভর্তি পরীক্ষার ফলাফল সোমবার রাতে ঘোষণা করা হয়েছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের বেশক'টি ছাত্র সংগঠনের আন্দোলন ও প্রতিবাদের পরিপ্রেক্ষিতে অবশেষে নবাগত শিক্ষার্থীদের ভর্তিতে ১০ হাজার টাকা জামানত নেয়ার সিদ্ধান্ত স্থগিত করা হয়েছে। তবে ভর্তি বাতিলকারী শিক্ষার্থীদের কাছ থেকে ৫ হাজার টাকা ক্ষতিপূরণ নেয়ার নতুন সিদ্ধান্ত গ্রহণ করেছে বাকৃবি প্রশাসন। বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা কমিটি সূত্রে জানা যায়, এ বছর অনার্সের ভর্তি পরীক্ষায় ৬টি অনুষদের বিপরীতে মোট ৮৫০ জনের মেধা তালিকা এবং ১৬৯৭ জনের অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হয়েছে। ভর্তি পরীক্ষার ফলাফলসহ সব ধরনের তথ্য www.bau.edu.bd এ ওয়েবসাইটে পাওয়া যাবে। ২৬ জানুয়ারি সকাল ৯টা থেকে বেলা ২টার মধ্যে মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের অনুষদ নির্বাচন এবং ভর্তি ২৭ জানুয়ারি। আসন খালি থাকা সাপেক্ষে নতুন অপেক্ষমাণ তালিকা প্রকাশ করা হবে ২৮ জানুয়ারি। ওই তালিকায় স্থানপ্রাপ্তদের অনুষদ নির্বাচন ২৯ জানুয়ারি এবং ভর্তি ১ ফেব্রুয়ারি। ভর্তি ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ৮২৫ টাকা। নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে ৯ ফেব্রুয়ারি। এদিকে বিশ্ববিদ্যালয়ের বেশক'টি ছাত্র সংগঠনের আন্দোলন ও প্রতিবাদের পরিপ্রেক্ষিতে নবাগত শিক্ষার্থীদের ভর্তিতে ১০ হাজার টাকা জামানত নেয়ার সিদ্ধান্ত স্থগিত করেছে প্রশাসন। এ বিষয়ে বাকৃবির ছাত্র বিষয়ক উপদেষ্টা প্রফেসর ড. আবুল খায়ের চৌধুরী জানান, শিক্ষার্থীদের আন্দোলন এবং গরিব, মেধাবী শিক্ষার্থীদের স্বার্থে উপাচার্য তার নিজস্ব ক্ষমতাবলে ১০ হাজার টাকা জামানত নেয়ার সিদ্ধান্ত স্থগিত করেছেন। তবে ভর্তি বাতিলকারী শিক্ষার্থীদের কাছ থেকে ৫ হাজার টাকা ক্ষতিপূরণ নেয়ার নতুন সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ক্ষতিপূরণের টাকা বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা থাকবে। সোমবার রাতে উপাচার্যের কার্যালয়ে তার সভাপতিত্বে ভর্তি পরীক্ষা কমিটির এক সভায় এসব সিদ্ধান্ত নেয়া হয়।